



কর্মক্ষেত্রে মহিলারা

Never Stand Still

Law

Kingsford Legal Centre

অতীন সুপারঅ্যানুয়েশন পেতে চায়

অতীনের বয়স ২৪ বছর এবং সে কেবল একটি বেকারিতে নতুন চাকরি শুরু করেছে। যখন সে শুরু করল, অতীন জিজ্ঞাসা করল সে তার নিয়োগকর্তাকে সুপারঅ্যানুয়েশনের বিস্তারিত বিবরণ দেবে কি না। তার নিয়োগকর্তা বলল সে তাকে কোনো সুপারঅ্যানুয়েশন দেবে না।

পূর্বের চাকরিতে অতীনকে সুপারঅ্যানুয়েশন দেওয়া হতো, আর তাই সে বুঝতে পারছে না কেন তার নিয়োগকর্তা তাকে সুপারঅ্যানুয়েশন দেবে না।

অতীন কী করতে পারে?

সুপারঅ্যানুয়েশন হলো আপনার অবসর গ্রহণের জন্য অর্থ। এটি আপনার নিয়োগকর্তা 'সুপারঅ্যানুয়েশন ফান্ড' নামে একটি বিশেষ অ্যাকাউন্টে পরিশোধ করেন। এটি আপনার স্বাভাবিক মজুরির বাইরে পরিশোধ করা হয়। আপনি কোনো সুপারঅ্যানুয়েশন ফান্ড ব্যবহার করতে চান তা আপনি পছন্দ করতে পারবেন।

একজন কর্মী যিনি ১৮ থেকে ৬৯ বছর বয়সী এবং যাকে মাসে ৪৫০ ডলার কিংবা তার বেশী (ট্যাক্স কর্তনের আগে) বেতন দেওয়া হয় তিনি সুপারঅ্যানুয়েশন পাওয়ার অধিকার রাখেন। যদি কোনো কর্মী ১৮ বছর বয়সের নীচে হয় কিন্তু সপ্তাহে ৩০ ঘন্টার বেশী কাজ করেন তাহলে সেও সুপারঅ্যানুয়েশন পাওয়ার অধিকার রাখে। যেসকল কর্মীরা ভিসায় আছে এবং আন্তর্জাতিক ছাত্রছাত্রীরা সুপারঅ্যানুয়েশন পাওয়ার অধিকার রাখে। আপনি অনিয়মিত, খন্ডকালীন কিংবা পূর্ণ সময় চাকরি যাই করেন না কেন তা বিবেচ্য বিষয় না।

এর অর্থ হলো আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনার মজুরীর বাইরে ৯.৫% অর্থ কোনো সুপারঅ্যানুয়েশন ফান্ডে পরিশোধ করতে হবে। আপনি যখন আর কাজ করবেন না এবং অবসর গ্রহণ করবেন তখন আপনি এই অর্থ পাবেন। সুপারঅ্যানুয়েশন ফান্ড থেকে আপনাকে আপনার অর্থ সম্পর্কে বিস্তারিত বিবরণ দিতে হবে।

আপনি যদি কোনো সুপারঅ্যানুয়েশন না পেয়ে থাকেন এবং আপনার নিয়োগকর্তা তা পরিশোধ করতে অস্বীকার করেন তাহলে আপনার উচিত হবে ১৩ ২৮ ৬১ কিংবা ১৩ ১৪ ৫০ (বহুভাষীদের জন্য) নম্বরে অস্ট্রেলিয়ান ট্যাক্সেশন অফিসকে তা জানানো।

এই সংস্থাগুলো থেকে আপনি বিনামূল্যে আইনি সহায়তা পেতে পারেন:

কিংসফোর্ড লিগ্যাল সেন্টার - ৯৩৮৫ ৯৫৬৬ অথবা ১৩০০ ৭২২ ৭৯৫ নম্বরে যোগাযোগ করুন
লিগ্যাল এইড নিউ সাউথ ওয়েলস - www.legalaid.nsw.gov.au অথবা Law Access এর সাথে যোগাযোগ করুন

ল অ্যাকসেস - ১৩০০ ৮৮৮ ৫২৯ অথবা আপনার শ্রবণ/কথা বলায় সমস্যা থাকলে ১৩০০ ৮৮৯ ৫২৯ নম্বরে যোগাযোগ করুন

